

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
কলাপাড়া, পটুয়াখালী।

খাদ্যবান্ধব কর্মসূচির ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং- ১৩.০১.৭৮৬৬.০০৪.৫৭.০১৫.২৪.৪০৭

তারিখ: ৩১/১২/২০২৪ খ্রি.

এতদ্বারা কলাপাড়া উপজেলার বিভিন্ন ইউনিয়নের সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে ১৪/১০/২০২৪ খ্রিঃ তারিখে খাদ্য মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা-২০২৪ ও এ সংক্রান্ত অন্যান্য পরিপত্রের অনুবৃত্তিক্রমে এবং উপজেলা খাদ্যবান্ধব কমিটির সভাপতির অনুমতিক্রমে অত্র উপজেলার নিম্নে বর্ণিত ইউনিয়নের নামের পার্শ্বে বর্ণিত বিক্রয় কেন্দ্র সমূহে খাদ্যবান্ধব কর্মসূচি পরিচালনার জন্য ১ (এক) জন করে সর্বমোট ৩৪(ত্রিশ) জন খাদ্যবান্ধব ডিলার নিয়োগ করা হবে।

ক্রঃ নং	ইউনিয়নের নাম	বিক্রয়কেন্দ্র	ক্রঃ নং	ইউনিয়নের নাম	বিক্রয়কেন্দ্র
১	চাকামইয়া	১ ইসলামপুর ক্লিনিক সংলগ্ন	৭	লতাচাপলী	১ আলীপুর বাজার
		২ নিশানবাড়িয়া			২ আলীপুর বাজার
		৩ বেতমোর বাজার			৩ আলীপুর বাজার
২	টিয়াখালী	১ বাদুরতলী বাধঘাট	৮	ধানখালী	৪ নয়াপাড়া বাস স্ট্যান্ড
		২ নাচনাপাড়া চৌরাস্তা			১ হাফেজ প্যাদার হাট
৩	লালুয়া	১ বানাতী বাজার	৯	খুলাসার	২ নমর হাট বাজার
		২ বানাতী বাজার			৩ মরিচবুনিয়া বাজার
৪	মিঠাগঞ্জ	১ তেগাছিয়া বাজার	১০	বালিয়াতলী	১ অনন্তপাড়া বাজার
		২ বাংলা বাজার			২ চর চাপলী বাজার
৫	নীলগঞ্জ	১ সলিমপুর বাজার	১১	ডালবুগঞ্জ	৩ বাবলাতলা বাজার
		২ পাখিমারা বাজার			১ বালিয়াতলী বাজার
		৩ পাখিমারা বাজার			২ তুলাতলী বাজার
		৪ মোস্তাফাপুর বাজার			১ ডালবুগঞ্জ বাজার
৬	মহিপুর	১ মহিপুর বাজার	১২	চম্পাপুর	২ খাপড়াভাঙ্গা ব্রিজ সংলগ্ন বাজার
		২ সাগর সিনেমা হল সংলগ্ন			১ মধ্য পাটুয়া স: প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন
		৩ পুরান মহিপুর বাজার			২ বোর্ড স্কুল সংলগ্ন
					৩ বাংলা বাজার

হকে উল্লিখিত বিক্রয়কেন্দ্র সমূহের জন্য আগ্রহী ব্যক্তিবর্গের নিকট হতে আগামী ১৬/০১/২০২৫ খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সদস্য- সচিব, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, কলাপাড়া, পটুয়াখালী বরাবর আবেদন দাখিল করতে হবে। শর্তসমূহঃ

- বাংলাদেশের জাতীয় পরিচয়পত্র প্রাপ্ত ১৮(আঠারো) বছরের উর্কে সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হিসেবে বসবাসকারী যে কোন নাগরিক আবেদন করতে পারবেন;
- আবেদনকারীর আবেদিত বিক্রয় কেন্দ্রে নিজস্ব/ভাড়া দোকান থাকতে হবে।
- ডিলার নিয়োগে আগ্রহী ব্যক্তিকে নির্দিষ্ট ফরমে আবেদন করতে হবে। (আবেদনপত্র অত্র দপ্তর হতে সরবরাহ করা হবে)
- আবেদনকারীর দোকানের মেঝে পাকা হতে হবে এবং খাদ্যশস্য নিরাপদ ও স্বাস্থ্যসম্মতভাবে সংরক্ষণের উপযোগী হতে হবে।
- আবেদনকারীর দোকান/সংযুক্ত গুদামে কমপক্ষে ১৫ (পনেরো) মেঃ টন খাদ্যশস্য সংরক্ষণের সুব্যবস্থা থাকতে হবে।
- আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল ও খাদ্যশস্য হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে এবং আবেদনকারীর হালনাগাদ ট্রেড লাইসেন্স থাকতে হবে।
- আবেদনকারীকে খাদ্যশস্যের লাইসেন্স প্রাপ্ত ব্যবসায়ী হতে হবে এবং লাইসেন্স হালনাগাদ থাকতে হবে।
- আবেদনকারী হকে উল্লিখিত বিক্রয়কেন্দ্র সমূহের যে কোন ১(এক)টিতে আবেদন করতে পারবেন। একটি বিক্রয়কেন্দ্রের বিপরীতে একাধিক ডিলার প্রার্থী হলে যোগ্য আবেদনকারীদের উপস্থিতিতে লটারির মাধ্যমে ডিলার নির্বাচন করা হবে।
- খাদ্য বিভাগ কর্তৃক কালো তালিকাভুক্ত, বাতিলকৃত, সাময়িকভাবে বরখাস্ত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ডিলার নিয়োগ করা যাবে না।
- একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক কর্মসূচির ডিলার হতে পারবেন না
- কোন সরকারি কর্মচারী কিংবা জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না
- বর্তমানে নিয়োজিত ডিলারগণ “খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা-২০২৪” অনুসারে খাদ্যবান্ধব ডিলার হিসেবে নিয়োগ প্রাপ্তির জন্য আবেদন করতে পারবেন।

১৩। নির্বাচিত ডিলারকে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার ফেরৎযোগ্য জামানত পে-অর্ডার আকারে জমা প্রদান করতে হবে।

১৪। কর্তৃপক্ষ উক্ত বিজ্ঞপ্তি বাতিল, সংশোধন, পরিবর্তন/পরিমার্জন এবং যে কোন সিদ্ধান্ত গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫। খাদ্যবান্ধব ডিলার নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি/বিস্তারিত তথ্যাদি উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কলাপাড়া এবং ওয়েব পোর্টাল

www.food.kalapara.patuakhali.gov.bd এ পাওয়া যাবে।

আবেদনপত্রের সাথে যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবে।

০১। ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি। ০২। হালনাগাদ ফুডগ্রেইন লাইসেন্স এর ফটোকপি। ০৩। ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক সচ্ছলতার সনদপত্রের মূল কপি।


০৪। দোকানের মালিকানা/ভাড়া সংক্রান্ত কাগজপত্রের ফটোকপি। ০৫। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি। ০৬। নাগরিকত্ব সনদের ফটোকপি।

০৭। হালনাগাদ ট্রেড লাইসেন্স এর ফটোকপি


মোঃ নুরুল্লাহ
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতির জন্য। (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। জেলা প্রশাসক, পটুয়াখালী।
- ০২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, পটুয়াখালী।
- ০৩। প্রশাসক, উপজেলা পরিষদ, কলাপাড়া, পটুয়াখালী।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, কলাপাড়া, পটুয়াখালী।
- ০৫। উপজেলা কৃষি কর্মকর্তা, কলাপাড়া, পটুয়াখালী।
- ০৬। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কলাপাড়া, পটুয়াখালী।
- ০৭। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কলাপাড়া, পটুয়াখালী।
- ০৮। উপজেলা শিক্ষা কর্মকর্তা, কলাপাড়া, পটুয়াখালী।
- ০৯। সভাপতি প্রেসক্লাব, কলাপাড়া, পটুয়াখালী।
- ১০। সম্পাদক, দৈনিক আজকের বার্তা, বরিশাল। বিজ্ঞপ্তিটি পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ১১। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, কলাপাড়া, পটুয়াখালী।
- ১২। অফিস কপি।


উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
কলাপাড়া, পটুয়াখালী।